



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিবাল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

০৯ ফাল্গুন, ১৪২৭ বাং  
তারিখঃ-----  
২২ ফেব্রুয়ারি, ২০২১ ইং

ডিএমডি সার্কুলার নং- ০১/২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

মার্কেট ইনফ্রাস্ট্রাকচার (এমআই) মডিউলে বিজনেস পার্টনার (বিপি) আইডি খোলা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

সরকারি সিকিউরিটিজে বিনিয়োগ প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকে রাখিত এমআই মডিউলে বিপিআইডি খোলার অভিন্ন আবেদন ফরম, প্রয়োজনীয় দলিলাদির তালিকা ও বিপিআইডি খোলার প্রক্রিয়ার বিষয়ে আপনাদেরকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা যাচ্ছে:

ক) ডিএমডি সার্কুলার নং ০৪, তারিখঃ ২১/০৭/২০২০ এর নির্দেশনা মোতাবেক স্থাপিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ‘গৱর্নমেন্ট সিকিউরিটিজ বিনিয়োগ উইল্ডে’ (সংযুক্তি-গ) বিনিয়োগকারীর আবেদনের ভিত্তিতে বিপিআইডি খোলার নিমিত্তে প্রয়োজনীয় দলিলাদি (সংযুক্তি-খ) গ্রহণ করবে;

খ) উল্লিখিত দলিলাদি যাচাইপূর্বক আবেদন ফরম (সংযুক্তি-ক) পূরণকরত তার ছায়ালিপি পত্রের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের মতিবাল অফিসের সিকিউরিটিজ সেকশনে প্রেরণ করবে। উক্ত ফরমের ছায়ালিপির ভিত্তিতে মতিবাল অফিসের সিকিউরিটিজ সেকশন এমআই মডিউলে বিপিআইডি খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

গ) সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ‘গৱর্নমেন্ট সিকিউরিটিজ বিনিয়োগ উইল্ডে’ বিনিয়োগকারীর আবেদনসহ বিপিআইডি খোলা সংশ্লিষ্ট সকল দলিলাদি সংরক্ষণ করবে;

ঘ) সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান বিনিয়োগকারী কর্তৃক দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাইয়ের দায়িত্ব পালন করবে। বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে উক্ত দলিলাদি সরবরাহের নির্দেশনা প্রদান করতে পারবে এবং দলিলাদি যাচাইয়ের নিমিত্তে পরিদর্শন কার্যক্রমও পরিচালনা করতে পারবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক

(রূপ রতন পাইন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩১